

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd


স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১০৭.২৩/৬৮৪

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩০
৩০ নভেম্বর ২০২৩

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর আওতায় জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্যানবেইস কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর আওতায় ইআআইএনভুক্ত প্রাথমিকস্তরের সকল প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহের কাজ ইতোমধ্যেই শেষ হয়েছে। গুণগত মান সম্পন্ন তথ্য প্রস্তুতে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো জরিপ পরবর্তী যাচাই জরিপ (পিইসি) পরিচালনা করা। এ লক্ষ্যে দৈবচয়নের মাধ্যমে বহুস্তর নমুনা পদ্ধতি অনুসরণ করে দেশের মোট ৬৩টি উপজেলা/থানার শিক্ষা প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহের জন্য নির্বাচন করা হয়েছে। জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহের জন্য ব্যানবেইস কর্তৃক তথ্যসংগ্রহকারী নিয়োগ করা হয়েছে। নিয়োগকৃত তথ্যসংগ্রহকারী সশরীরে প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে তথ্য রেজিস্ট্রার/রেকর্ড যাচাই করে জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহ করবেন।

২। বর্ণিতাবস্থায় প্রতিষ্ঠান প্রধানগণকে তথ্যপ্রদান সম্পর্কে অবহিতকরণ ও তথ্যসংগ্রহকারীদের তথ্যসংগ্রহ কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।



(মোঃ কায়হার রহমান)

পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৬০৭৫১

E-mail: director@banbeis.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট জেলা)
- ২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট উপজেলা/থানা)
- ৩। সহকারী প্রোগ্রামার (ইউআইটিআরসিই), (সংশ্লিষ্ট উপজেলা)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- ৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, অঞ্চল;
- ৫। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, অঞ্চল;
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, অঞ্চল;
- ৭। অফিস নথি।